

জামালপুরে ঝাউলা গোপালপুর কলেজে ১৪৪ ধারা জারি

জামালপুর প্রতিনিধি

সদর উপজেলার ঝাউলা গোপালপুর কলেজের গভর্নিং বডি'র সভাকে কেন্দ্র করে বিএনপির দু'পক্ষের মধ্যে উত্তেজনার এক পর্যায়ে গতকাল সোমবার ১৪৪ ধারা জারি করা হয়েছে। সংঘর্ষের আশঙ্কায় সেখানে একজন ম্যাজিস্ট্রেটসহ ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মেল্লর জেনারেল (অব.) আনোয়ারুল কবীর তালুকদার সাবেক উপমন্ত্রী সিরাজুল হককে ওই কলেজের গভর্নিং বডি'র সভাপতি মনোনীত করেন। পরে জেলা বিএনপির সঙ্গে প্রতিমন্ত্রী সমঝোতার ভিত্তিতে সিরাজুল হককে বাদ দিয়ে ওই পদে জেলা বিএনপির আহ্বায়ক

আমজাদ হোসেন মাল্লিক ভোলাকে মনোনয়ন দিয়ে ডিও পেরটার সংশ্লিষ্ট বোর্ডে পাঠান। কিন্তু সিরাজুল হক মন্ত্রীর এ সিদ্ধান্ত মেনে না নিয়ে গতকাল সোমবার গভর্নিং বডি'র সভা আহ্বান করেন। এ সময় উভয়ের সমর্থকদের মধ্যে উত্তেজনা দেখা দিলে প্রশাসন কলেজ ক্যাম্পাসে ১৪৪ ধারা জারি করে। সিরাজুল হক পরে গোপালপুরে এক ছাত্রদল নেতার বাড়িতে গভর্নিং বডি'র মিটিং করেন বলে দাবি করেছেন। ১০ সদস্যের মধ্যে ৭ জন গভর্নিং বডি'র সদস্য সভায় উপস্থিত ছিলেন বলেও তিনি দাবি করেন। ওই সভায় কলেজের অধ্যক্ষ মোফাজ্জল হোসেনকে অব্যাহতি দিয়ে মনিরুজ্জামানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়।